



🏠 মূল পাতা    📧 ঘোষণাঘোষণা    📡 লগ-ইন করুন    👤 নিবন্ধিত হোন

ঢাকা, সোমবার, ১৬ জুন ২০০৮, ২ আষাঢ় ১৪১৫, ১১ জমাদিউস সানি ১৪২৬  
বর্ষ ১০, সংখ্যা ২১৯, আপডেট : বাংলাদেশ রাত ২টা ২৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলাম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য

🗨️ ফিচার পাতা

- ▶ রস+আলো
- ▶ লাভ ক্ষতি

## সারা দেশ

+ সংবাদ শিরোনাম

পরের সংবাদ ▶

### পুলিশকে জনগণের বিশৃঙ্খল বন্ধ বানাতে কৌশলগত পরিকল্পনা

নিজস্ব প্রতিবেদক

পুলিশ বাহিনীকে আরও কার্যকর ও জনবান্ধব করে গড়ে তুলতে একটি কৌশলগত পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এ পরিকল্পনা বাস্তবায়িত হলে আগামী তিন বছরে পুলিশ রাষ্ট্রের ভীতিকর অপেক্ষার পরিবর্তে সাধারণ মানুষের বিশৃঙ্খল বন্ধ হয়ে উঠবে।

গতকাল রোববার রাজধানীর সোনারগাঁও হোটেলে পুলিশ বাহিনীর জন্য তিন বছরের 'কৌশলগত পরিকল্পনা'র আনুষ্ঠানিক উদ্বোধন করে এমন আশাবাদ ব্যক্ত করেছেন পুলিশের মহাপরিদর্শক (আইজি) নূর মোহাম্মদ। ২০০৮ থেকে ২০১০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদে কয়েকটি ধাপে এ পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। পুলিশ সংস্কার প্রকল্পের সহযোগিতায় এ পরিকল্পনা তৈরি করা হয়েছে।

পরিকল্পনাটি উপস্থাপন করেন পুলিশ সংস্কার প্রকল্পের পরিচালক ও অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক নববিক্রম কিশোর ত্রিপুরা। তিনি জানান, মোট ২১ পৃষ্ঠার এই কৌশলপত্রে মূল লক্ষ্য নির্ধারণ করা হয়েছে পাঁচটি। এগুলো হলো পুলিশের সাংগঠনিক কাঠামো পুনর্বিদ্যমান করা, কমিউনিটি পুলিশিং জোরদার করা, পুলিশ বাহিনীর প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং পাঠ্যসূচি হালনাগাদ করে আধুনিক ও জুতসই প্রশিক্ষণ নীতিমালা তৈরি করা, লিঙ্গ সংবেদনশীলতা ও কম্পিউটারাইজেশন করা। এই পাঁচটি মূল লক্ষ্যের অধীনে ১৯টি বিষয়ে কার্যক্রম চালানো হবে। এর মধ্যে থাকবে আইন ও নীতিমালার হালনাগাদকরণ, অপরাধ ও নির্দেশ ব্যবস্থাপনা, ট্রাফিক ব্যবস্থাপনা, মানবসম্পদ ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক কার্যকারিতা, দক্ষ ব্যবস্থাপনা তৈরি করা, অভ্যন্তরীণ নিরাপত্তা, নিয়োগ, সমসাময়িক পাঠ্যসূচি প্রণয়ন, যুগোপযোগী প্রশিক্ষণ প্রক্রিয়া ও নীতিমালা, প্রশিক্ষণ অবকাঠামো, প্রণোদনা ও পর্যবেক্ষণ, প্রশিক্ষকদের প্রশিক্ষণ, লিঙ্গ নীতিমালা, নারী সদস্য নিয়োগকে উৎসাহিত করা, টেকসই ও কার্যকরী তথ্য এবং গোয়েন্দা ব্যবস্থাপনা জোরদার করা, তথ্য ও গোয়েন্দা কার্যক্রমের সঠিক ব্যবহারের মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণ এবং তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে সমাজকে আরও নিরাপদ করে গড়ে তোলা।

- ⊗ আরো যা আছে
- ⊗ সকল ফিচার পাতা
- ⊗ পুরনো সংখ্যা
- ⊗ আমাদের কথা
- ⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন  
২৭৬২৭৩  
জন পাঠক



Call Bangladesh  
From Australia ?

অনুষ্ঠানে র্যাভের মহাপরিচালক হাসান মাহমুদ খন্দকার বলেন, ‘আমরা আমাদের অবস্থান জানি, কী করতে হবে তা-ও জানি, কিন্তু কীভাবে করতে হবে এত দিন তার কোনো সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ছিল না। এখন এই কর্মকৌশল আমাদের লক্ষ্য ও অর্জনের মধ্যে সেতুবন্ধ হিসেবে কাজ করবে।’

সিআইডিঅর অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক জাবেদ পাটোয়ারী বলেন, পুলিশ বাহিনীকে একটি আধুনিক ও সেবামুখী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য এই কৌশলপত্র প্রথম ধাপ মাত্র। কিন্তু কীভাবে এই কৌশলপত্র বাস্তবায়ন করা হবে, তার ওপরই এর গ্রহণযোগ্যতা নির্ভর করবে।

পুলিশ স্টাফ কলেজের রেক্টর এ কে এম মাহফুজুল হক বলেন, এর আগেও ঢাকা মহানগরীর জন্য একটি কৌশলগত পরিকল্পনা হাতে নেওয়া হয়েছিল। উদ্যোগের অভাবে সেই পরিকল্পনা এগোয়নি। কিন্তু কার্যকর পুলিশ বাহিনীর জন্য এ ধরনের পরিকল্পনা খুব জরুরি।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন পুলিশের বিশেষ শাখার অতিরিক্ত মহাপরিদর্শক ডা. বাহালুল আলম ও ঢাকা মহানগর পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার আব্দুস সালাম। সাগত বক্তব্য দেন পুলিশ সদর দপ্তরের উপ-মহাপরিদর্শক (প্রশাসন) শাহ জামাল রাজ।

পুলিশের সাবেক মহাপরিদর্শক ড. এনামুল হক, এ এস এম শাহজাহান, ওয়াই বি আই সিদ্দিকী, মোদাব্বির হোসেন চৌধুরী, আব্দুস সালাম, হাদিসউদ্দিন আহম্মেদসহ সাবেক উর্ধ্বতন কর্মকর্তা, উন্নয়ন সহযোগী এবং বিভিন্ন বেসরকারি সংস্থার প্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০০৫ সালে সরকার, ইউএনডিপি এবং ডিএফআইডি যৌথভাবে পুলিশ সংস্কার কর্মসূচির (পিআরপি) প্রথম পর্বের কাজ শুরু করে। প্রকল্পের অধীনে পুলিশের জন্য একটি নতুন আইনের খসড়াও ইতিমধ্যে তৈরি করা হয়েছে।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

Home | About Us | Feedback | Contact

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.  
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.  
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by Prothom-  
Alo.com  
Privacy Policy | Terms & Conditions